



৫৭৬/বাউবি/পরীক্ষা/এইচ.এস.সি/সাধারণ যোগাযোগ/২০১৭/৬৬৬০

তারিখ : ১৭/১০/২০১৯

১০.৫৬৬
২৭/১০/১৯

আঞ্চলিক পরিচালক
আঞ্চলিক কেন্দ্র (সকল)
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।


বিষয় : এইচ.এস.সি পরীক্ষা-২০২০ এ অংশগ্রহণেচ্ছু ১ম ও ২য় বর্ষের বিষয়ভিত্তিক নিয়মিত ও পুনঃপরীক্ষার্থীর সংখ্যা (Denovoসহ)/প্রশ্নের চাহিদা প্রেরণ প্রসঙ্গে।

জনাব,

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাউবি'র এইচ.এস.সি পরীক্ষা-২০২০ এর প্রশ্নপত্র মুদ্রণের জন্য ইতোমধ্যে বিজি প্রেসে প্রেরণ করা হয়েছে। বিজি প্রেস শিক্ষা বোর্ড সমূহের এস.এস.সি ও এইচ.এস.সি পরীক্ষার প্রশ্নপত্র মুদ্রণের কাজ শুরু করার পূর্বে বাউবি'র প্রশ্নপত্র মুদ্রণের কাজ করার লক্ষ্যে এইচ.এস.সি পরীক্ষা-২০২০ এর আপনার আঞ্চলিক কেন্দ্রাধীন স্টাডি সেন্টারসমূহের ১ম ও ২য় বর্ষের বিষয়ভিত্তিক নিয়মিত ও পুনঃপরীক্ষার্থীর সংখ্যা প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। অদ্য অর্থাৎ ১৭/১০/২০১৯ পর্যন্ত যে সকল শিক্ষার্থী ফি জমা দিয়েছে তাদের সংখ্যা (Denovoসহ)/প্রশ্নের চাহিদা Online-এ পূরণ ও হার্ড কপি প্রেরণ সংক্রান্ত নির্দেশনা :

- ২। বিষয়ভিত্তিক শিক্ষার্থীর সংখ্যা প্রেরণের জন্য exam.bou.ede.bd ওয়েব সাইটে গিয়ে যথাযথ ID. Password দিয়ে Login করে Entry→ Question Requisition লিংকে প্রবেশ করে Online ফরমে উপ-আঞ্চলিক কেন্দ্র ও আঞ্চলিক কেন্দ্রকে তার আওতাধীন স্ব-স্ব স্টাডি সেন্টারসমূহের ডাটা Input এর কাজ আগামী ১৮/১০/২০১৯ থেকে ২২/১০/২০১৯ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে।
- ৩। Online-এ 'চাহিদা' পূরণ করার পর Reports অংশ থেকে "Draft Report Print" করে যাচাই বাছাই পূর্বক স্টাডি সেন্টার ভিত্তিক "চূড়ান্ত সাবমিট" করতে হবে। তবে উল্লেখ থাকে যে, চূড়ান্ত সাবমিট করার পর কোন data edit করা যাবে না।
- ৪। Online-এ পূরণকৃত চাহিদার প্রিন্ট কপি পাওয়ার জন্য বর্ণিত Software টির মেনুবারের Report থেকে Question Requisition Final অংশে যেতে হবে এবং হার্ড কপি প্রিন্ট নিতে হবে। উক্ত হার্ড কপিতে আঞ্চলিক পরিচালক/উপ-আঞ্চলিক কেন্দ্রের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষরসহ আগামী ২৪/১০/২০১৯ তারিখের মধ্যে পরীক্ষা নিয়ন্ত্রক বরারব পৌঁছাতে হবে।
- ৫। এখানে বিশেষভাবে উল্লেখ্য, প্রশ্নের চাহিদা প্রেরণের বিষয়টি অতীব গুরুত্বপূর্ণ ও স্পর্শকাতর। তাই চাহিদা প্রেরণের পূর্বে সংশ্লিষ্ট কর্মকর্তাকে সর্বোচ্চ সতর্কতার সাথে বিষয়ভিত্তিক নিয়মিত ও পুনঃপরীক্ষার্থীর সর্বশেষ (১৭/১০/২০১৯ তারিখ পর্যন্ত) সংখ্যা নিশ্চিত হয়ে চাহিদা প্রেরণ করতে হবে।
- ৬। উল্লিখিত Software টি ব্যবহার সংক্রান্ত কোন Help এর প্রয়োজন হলে জনাব মোঃ জুলহাস উদ্দিন, সহকারী প্রোগ্রামার (মোবাইল নং ০১৭৩৬৩৬৫৮৭৮) এবং জনাব মোঃ রফিকুল ইসলাম খান, সহকারী প্রোগ্রামার (মোবাইল নং ০১৭৬১৮২৫০০৩, কম্পিউটার ইউনিট, পরীক্ষা বিভাগ, বাউবি এর সাথে যোগাযোগ করা যেতে পারে।
- ৭। বিষয়টি আপনার আঞ্চলিক কেন্দ্র ও উপ-আঞ্চলিক কেন্দ্রের সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণ এবং নির্ধারিত তারিখের মধ্যে প্রশ্নের চাহিদা প্রেরণ নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

ধন্যবাদসহ।


পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

বিতরণ: কার্যার্থে

১. পরিচালক, এসএসএস বিভাগ, বাউবি (বিষয়টি আঞ্চলিক কেন্দ্র ও উপ-আঞ্চলিক কেন্দ্রের সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণ এবং নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রেরণ নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল)।
২. পরিচালক, কম্পিউটার বিভাগ, বাউবি (প্রতিটি বাউবি'র সংশ্লিষ্ট আঞ্চলিক কেন্দ্রের ই-মেইলে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হল।
৩. উপ-আঞ্চলিক পরিচালক/সহকারী আঞ্চলিক পরিচালক/কো-অর্ডিনেটিং অফিসার, উপ-আঞ্চলিক কেন্দ্র (সকল), বাউবি।
৪. প্রোগ্রামার, কম্পিউটার ইউনিট, পরীক্ষা বিভাগ, বাউবি।

অনুলিপি: অবগতির জন্য

১. ডীন, ওপেন স্কুল, বাউবি।
২. একান্ত সচিব, উপাচার্যের দপ্তর, বাউবি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. সহকারী পরিচালক, প্রো-উপাচার্যের দপ্তর, বাউবি (প্রো-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. সংরক্ষণ নথি।